

প্রেস রিলিজ

টোকিও, ৩০ অক্টোবর ২০২০

## টোকিওতে ঈদ-এ-মিলাদুল্লবী উদযাপিত

আজ পবিত্র ঈদ-এ-মিলাদুল্লবী। এই দিনে জন্ম গ্রহণ করেছিলেন বিশ্ব ইতিহাসের সর্বশ্রেষ্ঠ মানব, নবীকূলের শিরোমণি, সর্বশেষ রাসুল – প্রিয় নবী হযরত মুহাম্মদ (সাঃ)।

টোকিওস্থ বাংলাদেশ দূতাবাস আজ (৩০-১০-২০২০) শুক্রবার বিশ্ব শান্তির দূত হযরত মুহাম্মদ (সাঃ) যার ছোট-বড় সকল গুণ আমাদের জন্য অনুকরণীয় ও অনুসরণীয়, সেই মহামানবের উপর দরুদে সোয়াব ও দোয়ার আয়োজন করেছে।

যথাযথ স্বাস্থ্য বিধি মেনে স্বল্প পরিসরে অনাড়ম্বর এই অনুষ্ঠানে জাপানে নিযুক্ত রাষ্ট্রদূত শাহাবুদ্দিন আহমদ বলেন “আমরা মহান আল্লাহর প্রতি হাজারো শুকরিয়া জানাই আমাদেরকে তাঁর হাবিবের উম্মত হিসাবে পৃথিবীতে প্রেরণের জন্য”। তিনি মহানবীর জীবন ও গুণাগুণের উপর আলোচনা করেন এবং নবীর আদর্শে জীবন গড়ার ও কাজ করার প্রত্যয় ও আশা ব্যক্ত করেন।

পরে ঈদ এ মিলাদুল্লবি উপলক্ষ্যে দোয়া – দরুদ পাঠ এবং মোনাজাত করা হয়। মোনাজাতে নবীজী ও তাঁর পরিবার, সকল নবী-রাসুল, চার খলিফা, সাহাবায়ে ইকরাম, তাবে-তাবেইন, গাউস-কুতুব, অলি- আউলিয়া এবং সমগ্র বিশ্বের মুসলমান যারা মৃত্যুবরণ করেছেন তাঁদের জন্য দোয়া করা হয়। এছাড়া বাংলাদেশের উন্নয়ন এবং বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের শহিদ সদস্য, জাতীয় চার নেতা, মহান মুক্তিযুদ্ধের ত্রিশ লক্ষ শহিদদের মাগফিরাতের জন্য দোয়া করা হয়। বিশ্ব শান্তি কামনা এবং করোনা মহামারি থেকে বাংলাদেশসহ বিশ্বের সকল মানুষকে রক্ষার জন্য মহান আল্লাহর দরবারে বিশেষ দোয়া করা হয়।

এসময় দূতাবাসের কর্মকর্তা – কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

মুহা. শিপলু জামান

প্রথম সচিব (প্রেস)